

শাহজাদপুরে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

শাহজাদপুর (সিরাজগঞ্জ) প্রতিনিধি ▷

সিরাজগঞ্জের শাহজাদপুর উপজেলার ভেড়াকোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। বর্তমানে বিদ্যালয়টিতে ৩২১ জন শিক্ষার্থীর মধ্যে ২৪০ জনকে উপবৃত্তির আওতায় আনা হয়েছে।

উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ওই বিদ্যালয়ের অর্ধশতাধিক শিক্ষার্থী ও অভিভাবক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জয়নুল আবেদীনের বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগ এনে উপজেলা শিক্ষা কর্মকর্তার কাছে লিখিত অভিযোগ জানিয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক অভিভাবক ও শিক্ষার্থী জানান, শিশু ও প্রথম শ্রেণিতে ভর্তি বাবদ ৩০ টাকা, পঞ্চম শ্রেণির প্রশংসাপত্র প্রদান বাবদ ৫০ থেকে ১০০ টাকা নেওয়া ছাড়াও প্রতি শিক্ষার্থীর উপবৃত্তির টাকা থেকে ৩০ থেকে ৫০ টাকা করে নেওয়া হয়।

শাহজাদপুর উপজেলা শিক্ষা কর্মকর্তা আক্তারুজ্জামান জানান, ভেড়াকোলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকরা ওই বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ জানিয়েছে। এ বিষয়ে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

লিখিত অভিযোগকারীরা জানান, গত ১২ মার্চ সহকারী শিক্ষা কর্মকর্তা জাহিদুল হককে তদন্তের দায়িত্ব দেওয়া হয়। কিন্তু ওই বিদ্যালয়ের সভাপতির অনুপস্থিতির অজুহাত দেখিয়ে তদন্তের তারিখ পিছিয়ে দেওয়া হয়। এদিকে ফরাসী দলের নেতারা অভিযোগকারীদের ভয়ভীতি দেখাচ্ছে বলে অভিযোগ করা হয়েছে।

এ ব্যাপারে তদন্তকারী কর্মকর্তা সহকারী শিক্ষা কর্মকর্তা জাহিদুল হক জানান, বিদ্যালয়ের সভাপতি সামসুল ইসলাম ইউনিয়ন আওয়ামী লীগের প্রজাবশালী নেতা। ওই দিন তিনি বাস্তবতায় ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল হোসেনের নির্দেশে তদন্তের কাজ পিছিয়ে দেওয়া হয়। আগামী রবিবার তদন্তের দিন ধার্য করা হয়েছে।

তবে অভিযোগ অস্বীকার করে ওই বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জয়নুল আবেদীন বলেন, বিদ্যালয়ের টুকটুকি কাজের জন্য শিক্ষার্থীরা দেওয়া যে আর্থিক সাহায্য দেয়, সেটুকুই শুধু নেওয়া হয়।

বিদ্যালয়ের সভাপতি হান্নীয় আওয়ামী লীগ নেতা সামসুল আলম দাবি করেন, শিক্ষার্থীদের কাছ থেকে উপবৃত্তির কোনো টাকা কেটে নেওয়া হয় না। এ অভিযোগ ভিত্তিহীন।